



ক্যাডেট কলেজ শিক্ষা ব্যবস্থার ৫০ বছর পূর্তি উপলক্ষে সোনারগাঁও হোটেলে আয়োজিত সেমিনারে প্রধান অতিথি জেনারেল মইন উ আহমেদের হাতে আয়োজকদের পক্ষ থেকে সন্মাননা চেষ্টা দেয়া হয়

জাতিগঠনে দেশে ক্যাডেট কলেজ শিক্ষার আরো সম্প্রসারণ প্রয়োজন

জেনারেল মইন

ইত্তেফাক রিপোর্ট

জাতি গঠনে দেশে ক্যাডেট কলেজ শিক্ষার আরো সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ করেছেন সেনাপ্রধান জেনারেল মইন উ আহমেদ। সোমবার ঢাকার একটি হোটেলে ক্যাডেট কলেজ শিক্ষার ৫০ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ গুরুত্বারোপ করেন। ফৌজদারহাট ক্যাডেট কলেজের সাবেক ছাত্রদের সংগঠন ওল্ড ফুজিয়ান এসোসিয়েশনের এই সেমিনারের আয়োজন করে। এসোসিয়েশনের সভাপতি ওব্যাদনুর রহমান খানের সভাপতিত্বে এতে সেনাবাহিনী প্রধান তার বক্তৃতায় বলেন, ক্যাডেট কলেজের ছাত্ররা দেশগঠনে ভূমিকা

রাখেছে এবং সবক্ষেত্রেই সফল হয়েছে। ক্যাডেট কলেজ থেকে বেরিয়ে কেউ বিজ্ঞানী হয়েছে, কেউ অর্থনীতিবিদ, ডাক্তার, ব্যবসায়ী, সেনা কর্মকর্তাসহ সব পেশায় দক্ষতার সঙ্গে কাজ করেছে। এককথায় ক্যাডেট কলেজ অনেক পেশার মানুষ তৈরি করেছে। জেনারেল মইন উ আহমেদ গুণগত শিক্ষা অর্জনে ক্যাডেট কলেজ শিক্ষার প্রসারের (১৫শ পৃঃ ১-এর কঃ প্রঃ)

জাতি গঠনে দেশে

(১৬শ পৃঃ পর)

ওপর গুরুত্ব দেয়। তিনি বলেন, প্রতিটি জেলুয় ক্যাডেট কলেজ স্থাপন হওয়া দরকার এবং আমরা বিশ্বাসি হবে দেখছি। জেলায় জেলায় ক্যাডেট কলেজ স্থাপন সম্ভব হলে দেশের বাইরে যাবে না। দেশেই মন সম্পন্ন লোকপত্র সুযোগ পাবে। ফৌজদারহাট ক্যাডেট কলেজের ৫০ বছর পূর্তি উপলক্ষে ভিসেটের পুনর্মিলনী আয়োজন করা হবে বলেও এতে জানান হয়। এসোসিয়েশনের ৫০ বছর পূর্তি উদযাপন ব্যবস্থামটির "আহ্বায়ক" এর শ্রোনোয়কল্প হক বলেন, আমরা সবাই মিলিত হয়েছি। নিজেদের অতীত দিনের কৃতিচারণ ছাড়াও প্রাণ্যবীতে ক্যাডেট কলেজে আরো উন্নতমানের বিধানির বিস্তার্তে আমরা কৰা বলেছি।

এসোসিয়েশনের চেয়ারম্যান ওব্যাদনুর রহমান খান বলেন, ক্যাডেট কলেজ শিক্ষার প্রধান লক্ষ্যই হচ্ছে নিত্যনতুন কোয়ালিটি সম্প্রসারণ করা। ক্যাডেট কলেজের ছাত্রের সমাজে বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে এবং নিজনিজ পেশায় নেতৃত্ব দিয়ে যাচ্ছে। সেমিনারে অন্যদের মধ্যে ওল্ড ফুজিয়ান নাজমুল হাসান, মাজেদুর রহমান, কাজী রুফিক উদ্দিন, ড. জাভিদ রহমান, কনোডর এঞ্জেল নিল্লাম, মনজুর মল্লান, বেঙ্গর জেনারেল (অব) জালাল উদ্দিন আহমেদ প্রমুখ বক্তৃতা করেন। বক্তারা দেশের স্বাধীনতা যুদ্ধে ফৌজদারহাট ক্যাডেট কলেজের ছাত্রদের অবদান ও আত্মত্যাগের কথা স্বরণ করেন। তারা বলেন, ক্যাডেট কলেজ হচ্ছে মৌলিক নেতৃত্ব বিকাশের প্রশিক্ষণশালা। সময়ানুবর্তিতা, শৃঙ্খলার বিষয়ে সচেতন হওয়ায় সমাজে গুরুত্বপূর্ণ অবদান রাখতে সক্ষম হচ্ছে।